পশ্চিমবঙ্গ সরকার

কুমারগঞ্জ সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করণ

কুমারগঞ্জ, দক্ষিণ দিনাজপুর

পত্রাঙ্ক নং- ৬২/১ (২২) আই.সি.ডি.এস.(কুমারগঞ্জ) তারিখ- ২০/০২/২০১৩

বিজ্ঞপ্তি

দক্ষিণ দিনাজপুর জেলার কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতির এলাকার সকলকে এতদ্বারা জানানো যাইতেছে যে, কুমারগঞ্জ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে, অঙ্গনওয়াড়ি কর্মী/সহায়ীকার স্বেচ্ছামূলক পদে নিযুক্তির জন্য কেবলমাত্র মহিলা প্রার্থীদের নিকট হইতে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হইতেছে। এই নিযুক্তি সম্পূর্ণ স্বেচ্ছা সেবা মূলক এবং একাজে নিযুক্ত কোন কর্মী/ সহায়িকা ভবিষ্যতে কোন মতেই সরকারি কর্মীরূপে গণ্য হইবেন না।

শর্তাবলী ঃ

		অঙ্গনওয়াড়ী কর্মী		অঙ্গনওয়াড়ী সহায়িকা	
০১	শূন্যপদ	৫৭ (পরিবর্তনশীল)		১১০ (পরিবর্তনশীল)	
০২	সংরক্ষণ	সাধারণ - ২৯ প্রতিবন্ধী - ০২ তপশিলী জাতি - ১২ তপশিলী উপজাতি - ০৩ অনগ্রসর শ্রেনী (বিভাগ-A) - ০৬ অনগ্রসর শ্রেনী (বিভাগ-B) - ০৫		সাধারণ - ৫৪ প্রতিবন্ধী - ০৪ তপশিলী জাতি - ২৩ তপশিলী উপজাতি - ০৬ অনগ্রসর শ্রেনী (বিভাগ-A)- ১০ অনগ্রসর শ্রেনী (বিভাগ-B)- ১৩	
০৩	ন্যুনতম শিক্ষাগত যোগ্যতা	সাধারণ ও অন্যান্য অনগ্রসরজাতি	অনুমোদিত বোর্ড হইতে মাধ্যমিক বা সমতুল্য পাস	সাধারণ ও অন্যান্য অনগ্রসরজাতি	অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে চতুর্থ শ্রেণী পাস
		তপশিলী জাতি ও তপশিলী উপজাতি	অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণী পাস	তপশিলী জাতি ও তপশিলী উপজাতি	অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে চতুর্থ শ্রেণী পাস
০৪	বয়স ০১/০২/২০১৩	**১৮ হইতে ৪৫ বছর**		**১৮ হইতে ৪৫ বছর**	
০৫	যে শিক্ষাগত যোগ্যতা পদের অনুপযুক্ত	অঙ্গনওয়াড়ী কর্মী পদের জন্য শিক্ষাগত যোগ্যতার কোন উর্দ্ধসীমা নাই।		মাধ্যমিক বাসমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী এই পদের যোগ্য নহে। বিজ্ঞপ্তি প্রকাশের দিনের পূর্ব দিন পর্যন্ত মাধ্যমিক পরীক্ষার চূড়ান্ত ফল প্রকাশিত না হইলে এই পদের জন্য আবেদন করা যাইবে। যদি বিজ্ঞপ্তী প্রকাশের পূর্বে মাধ্যমিক উত্তীর্ণ হওয়া কোন প্রার্থী নিজ শিক্ষাগত যোগ্যতা গোপন করিয়া অঙ্গনওয়াড়ী সহায়িকারূপে নিযুক্ত হন তবে কোনরূপ কারণ না দর্শাইয়া তৎক্ষণাৎ তাহাকে বরখাস্ত করা হইবে।	

০৬	কর্মক্ষেত্র ও নিযুক্তি তালিকা	কুমারগঞ্জ প্রকল্প এলাকা ভিত্তিক	গ্রাম পঞ্চায়েত এলাকা ভিত্তিক
০৭	সাম্মানিক ভাতা প্রতিমাসে (বর্তমানে)	৩০০০ টাকা তৎসহ ১৩৫০ টাকা মাধ্যমিক বা সমতুল্য পাস হইলে। ২৯৩৮ টাকা, তৎসহ ১৩৫০ টাকা অষ্টম শ্রেণী পাস হইলে।	১৫০০ টাকা। তৎসহ ১৩৫০ টাকা।
০৮	প্রশিক্ষণ	নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষণ নেওয়া বাধ্যতা মূলক।	নিয়মানুযায়ী প্রতিটি প্রশিক্ষণ নেওয়া বাধ্যতা মূলক।
০৯	বাসিন্দা	প্রকল্প এলাকার স্থায়ী বাসিন্দা হইতে হইবে।	গ্রাম পঞ্চায়েত এলাকার স্থায়ী বাসিন্দা হতে হইবে।
১০	পরীক্ষা	লিখিত পরীক্ষা - ৮০ নম্বর মৌখিক পরীক্ষা - ২০ নম্বর	মাতৃভাষায় পঠন পাঠন ক্ষমতা, লেখনী শক্তি ও মৌখিক পরীক্ষা ঃ ৫০ (মৌখিক পরীক্ষা গ্রহণের সময় উপরিলিখিত ক্ষেত্রগুলি মূল্যায়ন করা হইবে।)
১১	দরখাস্ত জমা দেবার শেষ তারিখ	**২১/০৩/২০১৩**	
১২	দরখাস্ত জমা দেওয়ার উপায় ও নিয়ম।	শিশু বিকাশ প্রকল্প আধিকারীকের করণে সকাল ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত যে কোন কাজের দিন উপযুক্ত রসিদের বিনিময়ে প্রার্থীর নাম, ঠিকানা ও পদের নাম উল্লেখ করিয়া আঠা দিয়ে সিল করা খামে জমা দিতে হইবে।	
১৩	আবেদন পত্রের নমুনা	আবেদন পত্রের নমুনা অনুযায়ী সাদা কাগজে, স্বহস্তে লিখিত অথবা ছাপানো এবং স্ব-স্বাক্ষরিত আবেদন পত্র জমা দিতে হইবে। আবেদন পত্রের নমুনা এই বিজ্ঞপ্তির সহিত দেওয়া হইল।	
১৪	প্রত্যয়ন	সমস্ত প্রমাণ পত্রের প্রতিলিপি সরকারী ভাবে প্রত্যয়ণ করার অধিকার আছে কেবল মাত্র এমন ব্যক্তি দ্বারা অবশ্যই প্রত্যয়িত হতে হবে। প্রতিলিপিগুলি অবশ্যই পাঠ যোগ্য হতে হইবে।	
১৫		আবেদন পত্রের সঙ্গে ৫(পাঁচ) টাকা মূল্যের ডাক টিকিট সাটা এবং নিজের নাম ও ঠিকানা লেখা দুটি পৃথক খাম অবশ্যই জমা দিতে হইবে।	
১৬	আবেদন পত্রের সঙ্গে দেওয়া প্রমাণ পত্রের/ সংশাপত্রের প্রতিলিপি	১। দুটি স্বপ্রত্যয়িত সাম্প্রতিকতম পাসপোর্ট মাপের ছবি (একটি দরখাস্তের সঙ্গে নির্দিষ্ট জায়গায় আঠা দিয়ে আটকাতে হবে, অন্যটি আবেদন পত্রের সঙ্গে পিন দিয়ে আটকাতে হবে।	

	২।	বয়সের প্রমাণ (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষয় উত্তির্ণ হইলে কেবল মাত্র সে পরীক্ষার প্রবেশ পত্র / সংশাপত্র এবং অষ্টম / চতুর্থ শ্রেণী উত্তীর্ণ হইলে কেবলমাত্র সেই শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত সংশাপত্র।
	৩।	বাসস্থানের প্রমাণ পত্র (সাংসদ/সভাধিপতি/বিধায়ক/সভাপতি, পঞ্চায়েত সমিতি/সংশ্লিষ্ট প্রধান/জেলা শাসক/অতিরিক্ত জেলা শাসক/মহকুমা শাসক/ সমষ্টি উন্নয়ন আধিকারিক কর্তৃক প্রদত্ত)।
	৪।	ন্যুনতম শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র (মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষা উত্তীর্ণ হইলে কেবলমাত্র সেই শিক্ষা প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত সংশাপত্র)।
	৫।	তপশিলি জাতি / তপশিলি উপজাতি ও অন্যান্য অনগ্রসর জাতির ক্ষেত্রে কেবলমাত্র মহকুমা শাসক বা অতিরিক্ত জেলা শাসক বা জেলা শাসকের দেয় সংশাপত্রই গ্রাহ্য হইবে।
	৬।	শিক্ষাগত যোগ্যতা সম্পর্কে ১৯/০২/২০১৩ তারিখের নিরিখে সাদা কাগজে স্ব-স্বাক্ষরিত হলফনামা কেবলমাত্র সহায়িকা পদের প্রার্থী হইলে এই মর্মে হলফনামা যে প্রার্থী ১৯/০২/২০১৩ তারিখে মাধ্যমিক বা সমতুল্য বা তদোর্দ্ধ কোন পরিক্ষায় উত্তীর্ণ নয়।

বিশেষ দ্রষ্টব্য ঃ

১। এই নিযুক্তির ক্ষেত্রে পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশুবিকাশ এবং সমাজকল্যান বিভাগের আদেশনামা ২৮৮ এস.ডব্লু তাং ০১/০১/২০০৬, ৬০০-এস.ডাব্লু/ তাং ১৪/০৯/২০১২ এবং ৭২ এস.ডাব্লু/৩এস.-২২৫/০৫তাং ০৪/০১/২০১৩ প্রযোজ্য।

২। এই নিযুক্তি সম্পর্কে বিশদ বিবরণ যে কোন কাজের দি বেলা ১১টা হইতে বিকাল ৪টা পর্যন্ত কুমারগঞ্জ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারীকের করণে পাওয়া যাইবে।

৩। কোন তথ্য ভুল বা অসংগত পূর্ণ হলে বা উপরোক্ত শর্ত লঙ্ঘন করিলে আবেদন পত্র বাতিল বলিয়া গণ্য হইবে এবং এই বিষয়ে কোন কারণ দর্শানো হইবে না।

৪। শুধুমাত্র নির্ভুল ও সঠিক আবেদন পত্রের ভিত্তিতে পরীক্ষার প্রবেশ পত্র পাওয়া যাইবে।

৫। আবেদন পত্রে কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসংগত বলিয়া বিবেচিত হইবে এবং সে ক্ষেত্রে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। জমা আবেদন পত্রে কোন পরিবর্তনের অনুরোধ বিবেচিত হইবে না।

৭। পরীক্ষায় উপস্থিত হইবার জন্য গাড়ী ভাড়া বা রাহা খরচ পাওয়া যাইবে না।

৮। ডাক যোগে আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

৯। অবশ্যই আঠা দিয়ে খামের মুখ বন্ধ করিতে হইবে। খোলা খাম বাতিল বলিয়া গণ্য হইবে। মুখবন্ধ করা খামের উপরে লিখিতে হইবে আবেদিত পদের নাম - অঙ্গনওয়াড়ী কর্মী / অঙ্গনওয়াড়ী সহায়িকা এবং খামের বাম দিকে লিখিতে হইবে হইতে আবেদনকারীর নাম, পূর্ণ স্থায়ী ঠিকানা,গ্রাম পঞ্চায়েত নাম এবং ডানদিকে লিখিতে হইবে প্রতি, শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কুমারগঞ্জ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, দক্ষিণ দিনাজপুর।

Sd/-

শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক
কুমারগঞ্জ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

পত্রাঙ্ক ঃ ৬২/১(২২) আই.সি.ডি.এস (কুমারগঞ্জ) তারিখ ঃ ২০/০২/২০১৩

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশবোর্ডে প্রদর্শনের অনুরোধ সহ প্রেরণ করা হইল।

১) যুগ্ম সচিব, নারী ও শিশু বিকাশ এবং সমাজকল্যাণ বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, মহাকরণ, কলকাতা-৭০০০০১
২) সমাজকল্যাণ অধিকর্তা, পশ্চিমবঙ্গ সরকার, জুভেনাইল কোর্ট বিল্ডিং, সল্টলেক, কলকাতা - ৭০০০৬৪
৩) তথ্য ও সম্প্রচার অধিকর্তা, পশ্চিমবঙ্গ, মহাকরণ, কলকাতা - ৭০০০০১, সংবাদপত্র প্রকাশের অনুরোধ সহ।
৪) জেলা প্রকল্প আধিকারিক, নারী ও শিশু বিকাশ ও সমাজ কল্যাণী বিভাগ, দক্ষিণ দিনাজপুর।
৫) জেলা তথ্য আধিকারিক, দক্ষিণ দিনাজপুর, জেলার ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল।
৬) মহকুমা শাসক, বালুরঘাট (সদর), দক্ষিণ দিনাজপুর।
৭) সভাপতি, কুমারগঞ্জ পঞ্চায়েত সমিতি।
৮) সমষ্টি উন্নয়ন আধিকারিক, কুমারগঞ্জ ব্লক।
৯) সমষ্টি স্বাস্থ্য আধিকারিক, কুমারগঞ্জ গ্রামীণ হাসপাতাল।
১০) সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, কুমারগঞ্জ।
১১) সহ অধিকর্তা, কৃষি উন্নয়ন, কুমারগঞ্জ।
১২) অবর বিদ্যালয় পরিদর্শক, কুমারগঞ্জ চক্র।
১৩) অবর বিদ্যালয় পরিদর্শক, উত্তর চক্র, কুমারগঞ্জ।
১৪) পোষ্ট মাষ্টার, ডাকঘর, গোপালগঞ্জ।
১৫-২২) প্রধান, ... গ্রাম পঞ্চায়েত।

25/02/13

শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক
কুমারগঞ্জ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

আবেদন পত্র

কেবলমাত্র স্ব-হস্তে লিখিত অথবা ছাপানো আবেদনপত্র গৃহিত হইবে। অন্যের হস্তদ্বারা লিখিত দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে।

প্রতি
শিশু বিকাশ প্রকল্প আধিকারীক,
কুমারগঞ্জ সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
দক্ষিণ দিনাজপুর

একটি স্বস্বাক্ষরিত পাসপোর্ট ছবি এখানে সাঁটুন

মহাশয়/মহাশয়া,

আপনার করণ হইতে প্রকাশিত বিজ্ঞপ্তির নং ৬২/১ (২২) আই.সি.ডি.এস (কুমারগঞ্জ) তাং ২০/০২/২০১৩ অনুযায়ী আমি সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে **অঙ্গনওয়াড়ী কর্মী/সহায়িকা** পদে নিযুক্তির জন্য আবেদন করিতেছি।

আপনার বিজ্ঞপ্তি অনুযায়ী আমার সকল তথ্য ও বিবরণ বিবেচনার জন্য নিম্নে প্রদত্ত হইল।

১। নাম ....

২। পিতা/মাতা/স্বামীর নাম ....

৩। স্থায়ী ঠিকানা পিতা/স্বামীর নাম .... গ্রাম ....

.... ডাকঘর .... জেলা ....

....পিন কোড..

৪। গ্রাম পঞ্চায়েতের নাম (কেবলমাত্র অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের প্রার্থীদের জন্য) ....

৫। জন্ম তারিখ .... ৬। সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা ....

৭। জাতি- সাধারণ/তপশিলী জাতি/ তপশিলী উপজাতি/ অন্যান্য অনগ্রসর শ্রেণী (ক্যাটাগরি A/ক্যাটাগরি B

৮। অন্যান্য যোগ্যতা (যদি থাকে)...

৯। শারিরীক প্রতিবন্ধি- হ্যাঁ / না। (সঠিক ঘরে (√) চিহ্ন)

হলে কি ধরনে প্রতিবন্ধী

১০। প্রাক্তন কর্মী - হ্যাঁ / না। (সঠিক ঘরে (√) চিহ্ন)

১১। অন্যান্য বক্তব্য যদি থাকে ....

আমি এই মর্মে অঙ্গিকার করিতেছি যে আপনার করণ হই তে প্রকাশিত বিজ্ঞপ্তি নং ৬২/১ (২২) আই.সি.ডি.এস (কুমারগঞ্জ) তাং ২০/০২/২০১৩ পড়িয়া ও অনুধাবন করিয়া সকল শর্তসাপেক্ষে জ্ঞানত এই পদে নিযুক্তির জন্য আবেদন করিতেছি। উপরোক্ত সকল তথ্য ২০/০২/২০১৩ তারিখের নিরিখে আমার জ্ঞানত সম্পূর্ণ ও সর্বৈব সত্য। কোন ভুল বা অসংগত তথ্য দেওয়ার দায় সম্পূর্ণরূপে আমার ও ইহার জন্য আমার আবেদন পত্র বাতিল হইলে বা আমার নিযুক্তি প্রত্যাহত হইলে বা অন্যান্য সরকারী আইন মোতাবেক আমার বিরুদ্ধে ব্যবস্থা গৃহীত হইলে আমার কোন আপত্তি থাকিবে না।

ইতি-
আবেদনকারীর স্বাক্ষর

অপর পৃষ্ঠায় দেখুন

কেবলমাত্র অঙ্গনওয়াড়ী সহায়িকা পদের প্রার্থীদের জন্য হলফনামা

এই মর্মে আবেদন করিতেছি যে ১৯/০২/২০১৩ তারিখের নিরিখে আমি মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ নই।

আবেদনকারিনীর স্বাক্ষর